DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 03:15 AM

জাতীয়

# প্রাণহানির পর কক্সবাজারে বন্ধ প্যারাসেইলিং

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ০৩ আগস্ট ২০২৬, ০১:২৩ PM



কক্সবাজারে প্যারাসেইলিং দুর্ঘটনায় পর্যটক মৃত্যুর ঘটনায় বন্ধ ঘোষণা করা হয়েছে সৈকতের সব প্যারাসেইলিং কার্যক্রম। ঘটনার তদন্ত শেষ এবং প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত না হওয়া পর্যন্ত কক্সবাজারের সব পয়েন্টে প্যারাসেইলিং কার্যক্রম বন্ধ থাকবে বলে প্রশাসন জানিয়েছে।

দুর্ঘটনার পর থেকে কঠোর অবস্থানে প্রশাসন। রবিবার দুপুরে এক্সেভেটর নিয়ে দরিয়ানগর প্যারাসেইলিং পয়েন্টে অভিযান চালানো হয়। দীর্ঘ চেষ্টার পর সন্ধ্যায় পৌরসভার শ্রমিকদের সহায়তায় নিষেধাজ্ঞা অমান্য করে পরিচালিত ফ্রাই এয়ার সি স্পোর্টসের স্থাপনা গুঁড়িয়ে দেওয়া হয়। জব্দ করা হয় প্যারাসেইলিংয়ের সরঞ্জাম।

এদিকে বিভিন্ন পয়েন্টে অভিযানে নেতৃত্ব দেওয়া কক্সবাজার জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট (পর্যটন সেল) মো. মাহমুদুর রহমান সায়েম বলেন, অভিযানে প্রায় পাঁচ থেকে ছয়টি স্পিডবোটের ইঞ্জিন, অ্যাসেম্বল ও ডিসঅ্যাসেম্বল করা বিভিন্ন যন্ত্রাংশ জব্দ করা হয়েছে। এ ছাড়া ছয় থেকে সাতটি জেরিক্যান ভর্তি জ্বালানি এবং বিভিন্ন স্পেয়ার পার্টসও জব্দ করা হয়েছে। জব্দ করা সব আলামত বর্তমানে আমাদের তথ্য ও বিজ্ঞাপন কেন্দ্রে সংরক্ষণ করা হয়েছে।

দরিয়ানগরে প্যারাসেইলিং দুর্ঘটনায় পর্যটক শৌভিক রয় নিহতের ঘটনায় মামলা হয়েছে বলে জানিয়েছেন কক্সবাজার সদর মডেল থানার পরিদর্শক (ওসি) শেখ মোহাম্মদ আলী।

তিনি বলেন, রবিবার সন্ধ্যায় কক্সবাজার সদর মডেল থানায় নিহতের বোন মেধা মৃত্তিকা রয় বাদী হয়ে মামলাটি দায়ের করেন।
মামলায় নিষেধাজ্ঞা অমান্য করে প্যারাসেইলিং পরিচালনাকারী প্রতিষ্ঠান ফ্রাই এয়ার সী স্পোর্টস-এর পরিচালক মো. ফরিদকে প্রধান আসামি করা হয়েছে। এ ছাড়া অজ্ঞাত আরো ৪ থেকে ৫ জনকে আসামি করা হয়েছে। তবে এখনো কাউকে গ্রেপ্তার করা সম্ভব হয়নি। আসামিদের ধরতে অভিযান চলছে।

মামলাটি তদন্ত করবে ট্যুরিস্ট পুলিশ

এর আগে বৈরী আবহাওয়ায় নিষেধাজ্ঞার মধ্যেই চলছিল কক্সবাজার সমুদ্রসৈকতে প্যারাসেইলিং, আর তাতেই গত শনিবার (১ আগস্ট) ঝরে যায় এক পর্যটকের প্রাণ। সাগরের পানিতে পড়ে মারা যান খুলনার শৌভিক রয়। এখনো ধরাছোঁয়ার বাইরে কার্যক্রম পরিচালনাকারীরা। তবে অভিযানে প্রতিষ্ঠানটির স্থাপনা উচ্ছেদ ও সরঞ্জাম জব্দ করেছে প্রশাসন। এর পর থেকেই নিরাপত্তাহীন এই বিনোদন কার্যক্রম নিয়ে ওঠে নানা প্রশ্ন।

বিশেষজ্ঞদের মতে, পর্যটকের ওজন, আবহাওয়া ও বাতাসের গতি বিবেচনায় না নিলে এমন দুর্ঘটনা ঠেকানো কঠিন।

---

## এ বিভাগের আরও খবর




### গ্যাস-সংকট কাটাতে ২ বছর সময় লাগবে: বাণিজ্যমন্ত্রী

গ্যাস সংকটের কারণে শিল্প-কারখানায় যে দুর্ভোগ তৈরি হয়েছে, তা দীর্ঘদিনের উত্তরাধিকার সূত্রে পাওয়া সমস্যা বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী খন্...




### ন্যায়বিচার নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব: আইনমন্ত্রী

ন্যায়বিচারে প্রবেশাধিকার নিশ্চিত করা মানবাধিকার নিশ্চিত করারই অংশ বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। তিনি...




### সংসদ অধিবেশনে আসছে ১০ বছরের জ্বালানি পরিকল্পনা: প্রধানমন্ত্রী

দেশের বিদ্যুৎ ও জ্বালানি সংকট সমাধানে আগামী ২৭ তারিখে শুরু হতে যাওয়া সংসদ অধিবেশনে ১০ বছর মেয়াদি পরিকল্পনা উপস্থাপনের ঘোষণা দিয়েছেন প্রধানমন...

---




### আগামীকাল কিশোরগঞ্জে ইমাম-মুয়াজ্জিনদের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী

কিশোরগঞ্জে মসজিদের ইমাম-মুয়াজ্জিনসহ অন্যান্য উপাসনালয়ের সেবকদের চলতি অর্থবছরের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান।রবিবার (১৬ আগস্...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/pranhanir-pr-kksbajare-bndh-pjaraseiling